দৈনিক ইত্তেফাক ৫৬

তারিখ 03 NOV 1995
পৃষ্ঠা ২ কলাম ৬

# ছাত্রদের উন্নত খাবারের জন্য প্রধানমন্ত্রীর ১৪ লক্ষ টাকা প্রদান

বাসস ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৬টি আবাসিক হলের ছাত্রদের উন্নতমানের খাবার পরিবেশনের জন্য ১৪ লক্ষ টাকা প্রদান করিয়াছেন। ভাইস-চ্যান্সেলর এমাজউদ্দিন আহমদ গতকাল প্রধানমন্ত্রীর নিকট হইতে ১৪ লক্ষ টাকার চেকটি গ্রহণ করেন। শিক্ষামন্ত্রী জমিরুদ্দিন সরকার এবং ডাকসু ভিপি আমানউল্লাহ আমান, এমপি এইসময় উপস্থিত ছিলেন।